

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd



স্মারক নং- ৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-৭৩৫

তারিখঃ ২২/০৯/২০২০ খ্রিঃ

পরিপত্র


বিষয়ঃ এলজিইডি সদর দপ্তর পর্যায়ের জন্য Rate-Negotiation কমিটি গঠন।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন বিভিন্ন উন্নয়ন ও রাজস্ব বাজেটের আওতায় চলমান স্কিম বাস্তবায়নকালে বাস্তব অবস্থার প্রেক্ষিতে কখনো কখনো Non Tendered Item এর অন্তর্ভুক্তির প্রয়োজন হয়। তাছাড়া, কার্যচুক্তি বাস্তবায়নকালে যদি কোন Tendered Item এর পরিমাণ ২৫% এর বেশি বৃদ্ধি পায় এবং এতে চুক্তিমূল্য ১% এর বেশী বৃদ্ধি পায়, তাহলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৩৯(২০) অনুসারে উক্ত বিশেষ আইটেমের একক দরের সমন্বয়ের প্রয়োজন হয়। চলমান উন্নয়নমূলক কাজের গতি নিরবিচ্ছিন্ন রাখার নিমিত্তে উপরোক্ত আইটেমের দর বহুনিষ্ঠভাবে বিশ্লেষণসহ প্রচলিত বিধিবিধান অনুসরণ পূর্বক নির্ধারণ করে সমঝোতার (Negotiation) জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সদর দপ্তর পর্যায়ের জন্য নিম্নোক্তভাবে একটি Rate-Negotiation Committee গঠন করা হলো:

১।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সংশ্লিষ্ট), এলজিইডি, সদর দপ্তর	আহ্বায়ক
২।	নির্বাহী প্রকৌশলী/সিনিয়র সহকারী প্রকৌশলী-১, প্রকিউরমেন্ট, এলজিইডি, সদর দপ্তর	সদস্য
৩।	পরামর্শক, সংশ্লিষ্ট প্রকল্প, এলজিইডি (যদি থাকে)	সদস্য
৪।	ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি, সংশ্লিষ্ট কার্যচুক্তি	সদস্য
৫।	প্রকল্প পরিচালক/ক্রয়কারী, সংশ্লিষ্ট প্রকল্প/ইউনিট, এলজিইডি, সদর দপ্তর	সদস্য-সচিব

কমিটির কার্য পরিধি:

- কমিটি Non-Tendered Item এবং পিপিআর বিধি ৩৯(২০) এর আলোকে একক দর সমন্বয়ের লক্ষ্যে সংশ্লিষ্ট চুক্তিপত্রের বিধিবিধান অনুসরণ পূর্বক সংশ্লিষ্ট ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধির সংগে আলোচনা করে দর নির্ধারণ করবেন;
- কমিটি প্রয়োজনে দর বিশ্লেষণ (Unit Rate Analysis) ও Technical Specification প্রস্তুত করবেন;
- উল্লিখিত কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তা/পরামর্শক/ব্যক্তি/প্রতিষ্ঠানের সহায়তা গ্রহণ করতে পারবেন।


মো: আবদুর রশীদ খান
প্রধান প্রকৌশলী
ফোন: ৫৮১৫২৮০২
ই-মেইল: ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-৭৬৫/২(৫)

তারিখঃ ২২ সেপ্টেম্বর, ২০২০ খ্রিঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক (সকল)..... এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪। উপ-প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী (সকল), প্রকল্প/ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী (সকল), প্রকল্প/ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।


২২.০৯-২০

(মোঃ আব্দুস সাত্তার)

নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)

ফোনঃ ০২-৫৫০০৬৭৭৫

মোবাইলঃ ০১৭০৮-১২৩১৩২

ই-মেইলঃ xen.procurement@lged.gov.bd